গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www. coop. gov.bd.

স্মারক নং- ৫৫ (৮)

তারিখঃ ২৬/ ০২ /২০১৫ খ্রিঃ।

## সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারার স্পষ্টীকরণ।

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৪) ধারা মোতাবেক নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি উহার প্রথম অনুষ্ঠিত সভার তারিখ হইতে তিন বৎসর মেয়াদের জন্য দায়িত্ব পালন করিবে এবং উক্ত কমিটি উহার মেয়াদ পূর্তির পূর্বে পরবর্তী ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করিবে মর্মে বিধান রহিয়াছে।

একই আইনের ১৮(৫) ধারায় অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ সম্পর্কে নিম্নরূপ বিধান রহিয়াছেঃ

"উপ-ধারা (৩) এবং (৪) এ বর্ণিত মেয়াদ কালের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হইলে মেয়াদ পূর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সংশ্লিষ্ট সমবায় সমিতির ব্যবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য সমিতির সদস্য বা সরকারী কর্মকর্তাদের সমন্বয়ে ১২০ (একশত বিশ) দিনের জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করিবেন।

তবে শর্ত থাকে যে, বিলুপ্তকৃত ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না"।

মাঠ পর্যায়ে বিভিন্ন সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটিতে সমবায় সমিতি আইনের ১৮(২)(খ) ধারা মোতাবেক সরকারী কর্মকর্তা বা কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে ব্যর্থ হইলে সরকারী কর্মকর্তাদের স্বল্পতার কারণে অনেক ক্ষেত্রে বিলুপ্তকৃত ব্যবস্থাপনা কমিটিতে পূর্বে মনোনয়ন প্রদানকৃত একই সরকারী কর্মকর্তা বা কর্মকর্তাদের সমন্বয়ে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের প্রয়োজন হইয়া পড়ে। কিন্তু বিদ্যমান সমবায় সমিতি আইনের ১৮(৫) ধারায় বিলুপ্তকৃত ব্যবস্থাপনা কমিটিতে নিবন্ধক বা সরকার কর্তৃক মনোনীত কর্মকর্তা বা কর্মকর্তাগণ পরবর্তীতে নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে নিয়োগ লাভের যোগ্য হইবে কিনা সে বিষয়টি স্পষ্ট না থাকায় মাঠ পর্যায়ে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হইতেছে।

এমতাবস্থায় সমবায় সমিতিতে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের ক্ষেত্রে অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে বিদ্যমান সমবায় সমিতি আইনের ১৮(৫) ধারার স্পষ্টীকরণ নিম্নরূপভাবে করা হইলঃ

"বিলুপ্তকৃত ব্যবস্থাপনা কমিটিতে সমবায় সমিতি আইনের ১৮(২)(খ) ধারা মোতাবেক নিবন্ধক বা সরকার কর্তৃক মনোনীত সরকারী কর্মকর্তা বা কর্মকর্তাগণ উক্ত সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে নিয়োগ লাভের ক্ষেত্রে কোন বাধা নাই বলিয়া বিবেচিত হইবে"।

২৬/২/১৫
(মোঃ মফিজুল ইসলাম)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯১৪১১৩১
E-mail: coop_bangladesh@yahoo.com

বিতরণঃ

১। অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর। তাঁর আওতাধীন জেলা সমূহের জেলা সমবায় কর্মকর্তাগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৩। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

D:\AIN NIKOSH.doc